

Times Today BD

ডেস্ক রিপোর্ট | আন্তর্জাতিক | 15 April, 2025

ফিলিস্তিনের গাজা উপত্যকায় যুদ্ধ নিয়ে বিশ্বের বিভিন্ন দেশের পাশাপাশি ইসরাইলেও ক্ষোভ বাড়ছে। এরইমধ্যে দেশটির সাবেক প্রধানমন্ত্রী ও সেনাপ্রধানসহ কয়েক হাজার সাবেক ও বর্তমান সেনা ইসরাইল সরকারকে চিঠি দিয়েছে। এবার নেতানিয়াহকে ইসরাইলের শত্রু বলে আখ্যায়িত করেছেন দেশটির সাবেক সেনাপ্রধান ড্যান হালুৎজ।

ইসরাইলি সংবাদমাধ্যম চ্যানেল ১২ এর বরাত দিয়ে সংবাদমাধ্যম আনাদোলু এজেন্সির প্রতিবেদনে বলা হয়, সোমবার (১৪ এপ্রিল) এক সাক্ষাৎকারে ইসরাইলি সেনাবাহিনীর সাবেক প্রধান ড্যান হালুৎজ বলেন, বেনিয়ামিন নেতানিয়াহ ইসরাইলের শত্রু তিনি এই দেশের নিরাপত্তার জন্য তিনি 'সরাসরি হুমকি'।

ইসরাইলি চ্যানেল ১২-কে তিনি আরও বলেন, 'শত্রুকে দমন করা বা কারারুদ্ধ করা উচিত, তবে হত্যা করা উচিত নয়।

নেতানিয়াহর লিকুদ পার্টি হালুৎজের এই মন্তব্যের নিন্দা জানিয়েছে। দলটি বলেছে, 'গণতন্ত্রের বিরুদ্ধে গুরুতর উসকানি এই প্রধানমন্ত্রীকে হত্যা করতে চরম বামপন্থীদের উৎসাহিত করবে।

দলটি আরও বলেছে, 'আইডিএফের ইতিহাসে সবচেয়ে ব্যর্থ চিফ অব স্টাফ হালুৎজ প্রধানমন্ত্রীকে এমন শত্রু বলে অভিহিত করেছেন যাকে বন্দি করা উচিত। এটি মত প্রকাশের স্বাধীনতা নয়।

গাজা থেকে ইসরাইলি জিম্মিদের ফিরিয়ে আনা এবং ফিলিস্তিনের ছিটমহলে যুদ্ধ বন্ধের দাবিতে সাবেক ও বর্তমান সেনাদের জোরালো আহ্বানের মধ্যে হালুৎজের এই মন্তব্য এল।

গত ১৮ মার্চ যুদ্ধবিরতি ভেঙে গাজায় নতুন করে ভয়াবহ হামলা শুরু করে নেতানিয়াহ বাহিনী। ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরাইলি নৃশংস হামলায় প্রায় ৫১ হাজার ফিলিস্তিনি নিহত হয়েছেন, যাদের বেশিরভাগই নারী ও শিশু।

ফিলিস্তিনি ইসরাইলি প্রধানমন্ত্রী নেতানিয়াহ

Generated on 18 June, 2025 03:58

URL: <https://timestodaybd.com/international/775807808>